

৫৭

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডায়েরী প্রত্যাহারের দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক
প্রকাশিত এ বছরের ডায়েরী হইতে
ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার
লক্ষ্য ও উদ্দেশ্য এবং ভিত্তি প্রস্তর
স্থাপনকারী মরহুম প্রেসিডেন্ট জিয়া
উর রহমানের নামের অংশ বাদ দেও-
য়ায় শিক্ষক সমিতি এবং জাতীয়তা-
বাদী ছাত্রদল পৃথক ভাবে ডায়েরীর
সকল কপি প্রত্যাহার এবং উক্ত
অংশ সংযোজন করিয়া নতনভাবে
ডায়েরী প্রকাশের দাবী জানাইয়াছে।
গত রবিবার শিক্ষক সমিতির এক
বিবৃতিতে ঘটনার জন্য গভীর ক্ষোভ
ও তীব্র নিন্দা জানাইয়া বলা হইয়াছে,
এ যাবৎকালের সকল ডায়েরীতে
উক্ত অংশ মুদ্রিত থাকিলেও বর্তমান
ভিসিগীন দলীয় স্বার্থে উক্ত অংশের
প্রতিটি বাদ দিয়া সংকীর্ণতার পরি-
চয় দিয়াছেন। সমিতি অবিলম্বে উক্ত
পাতা সংযোজন করিয়া ডায়েরী
বিতরণের দাবী জানাইয়াছে। ছাত্র-
দল গত রবিবার একই দাবীতে ভিসির
নিকট স্মারকলিপি দিয়াছে এবং
কয়েকদিনব্যাপী কর্মসূচী ঘোষণা
করিয়াছে। এদিকে উক্ত ডায়েরী
প্রকাশনা কমিটির সভাপতি প্রফেসর
এম আলউদ্দিন জানাইয়াছেন, অন্যান্য
বিশ্ববিদ্যালয়ের ডায়েরীতে এসকল
বিষয় উল্লেখ থাকে না। বিধায়
ডায়েরী হইতে উক্ত অংশ বাদ নিয়া
মুদ্রণ করা হইয়াছে।